# ছাগলনাইয়া পৌরসভা কার্যালয়, ফেনী।

# সিটিজেট চার্টার

## প্রশাসন বিভাগ

**সাধারণ শাখা ঃ**

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া |
|---|---|---|---|
| ০১ | জাতীয়তা সনদপত্র, ওয়ারিশ সনদপত্র ও যাবতীয় আবেদন/ অভিযোগ গ্রহণ | ক) | পৌরসভার নির্ধারিত ফরমে সংশিণ্টষ্ট ওয়ার্ড কাউন্সিলর-এর প্রত্যয়ন সহ আবেদন করলে আবেদন দাখিলের ৪৮ ঘন্টার মধ্যে জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্র প্রদান করা হয়। বাংলা সনদের ফি ২০/- (বিশ) টাকা। ইংরেজী সনদপত্রের জন্য ১০০/- টাকা (একশত) টাকা ফি প্রদান করতে হবে। |
| | | খ) | সাদা কাগজে লিখিত আবেদন পত্রে সংশিণ্টষ্ট ওয়ার্ড কাউন্সিলর-এর প্রত্যয়ন সহ আবেদন করিলে অফিস কর্তৃক তদন্ড় পূর্বক আবেদন দাখিলের ১২ (বার) কার্য দিবসের মধ্যে ওয়ারিশ সনদ প্রদান করা হয়। ওয়ারিশ সনদ-এর ফি ২০০/= (দুইশত) টাকা। |
| | | গ) | সাদা কাগজে লিখিত আবেদনপত্রে সংশিণ্টষ্ট ওয়ার্ড কাউন্সিলর-এর প্রত্যয়ন সহ আবেদন করিলে আবেদনের তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পারিবারিক সনদ প্রদান করা হয়। বাংলা সনদ ২০০/- (দুইশত) টাকা। ইংরেজী পারিবারিক সনদের জন্য ৩০০/= টাকা (তিনশত) টাকা ফি প্রদান করতে হবে। |
| | | ঘ) | মেয়র, ছাগলনাইয়া পৌরসভা বরাবরে সাদা কাগজে লিখিত অভিযোগ করে আবেদন করলে ইহা যাচাই-বাছাই ক্রমে মেয়র কর্তৃক অনুমোদিত হওয়ার পর মামলা নিষ্পত্তির জন্য গ্রহণ করা হয়। মামলা এন্ট্রি ফি ২০০/= (দুইশত) টাকা। |
| | | ঙ) | পৌরসভায় দাখিলকৃত মামলা সংক্রান্ড় কোন নকল গ্রহণ করতে ইচ্ছুক হলে, মেয়র, ছাগলনাইয়া বরাবরে আবেদন করতে হবে। নকলের ফি ১০০/- (একশত) টাকা |
| | | চ) | বিধি মোতাবেক নাগরিকগণের পাবার অধিকার আছে এমন যে কোন প্রত্যয়ন পত্রের জন্য মেয়র বরাবরে সাদা কাগজে সংশিণ্টষ্ট ওয়ার্ড কাউন্সিলর-এর প্রত্যয়নসহ আবেদন করতে হয়। আবেদন অনুমোদিত হওয়ার পর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রত্যয়ন প্রদান করা হয়। |
| ০২ | পৌরসভার ব্যবস্থাধীন হাট বাজার, টার্মিনাল, গণ-শৌচাগার ইজারা | ক) | বাংলা সন শুর্রুর কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে ইজারা প্রদান কার্যক্রম মেয়র মহোদয়ের অনুমোদনক্রমে শুর্রু করা হয়। প্রাপ্ত দর গ্রহণ করে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ড় হাট বাজার, টার্মিনাল, গণ-শৌচাগার ইজারা প্রদান করা হয়। |

বিঃ দ্রঃ পৌরসভা আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, প্রজ্ঞাপন, পরিপত্র, আদেশ, অফিস স্মারক, বিজ্ঞপ্তি ও নোটিশ সাপেক্ষে এই সিটিজেন চার্টার-এর প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করবার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**কর নির্ধারণ শাখা ঃ**

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া |
|---|---|---|---|
| ০১ | হোল্ডিং নম্বর প্রদান | ক) | নতুন হোল্ডিং নম্বরের ক্ষেত্রে মেয়র বরাবর জমির মালিককে মালিকানা দলিল, খাজনার রশিদ, পর্চা সহ ১০/- (দশ) টাকা মূল্যের নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ড় পূর্বক খালি জায়গায় (সীমানা নির্ধারিত থাকতে হবে) বার্ষিক মূল্যায়ন ১৭০/- টাকা নির্ধারণ করতঃ নতুন হোল্ডিং নম্বর প্রদান করা হয়। যদি জায়গার উপর কোন কাঠামো থাকে সে ক্ষেত্রে নির্ধারিত পদ্ধতিতে উক্ত কাঠামোর বার্ষিক মূল্যায়ন নির্ধারণ করতঃ হোল্ডিং নম্বর প্রদান করা হয়। |
| | | খ) | প্রয়োজনীয় সকল তথ্য/দলিল পত্র প্রাপ্তি সাপেক্ষে খালি জায়গার ক্ষেত্রে ১৫ দিনের মধ্যে এবং কাঠামো থাকার ক্ষেত্রে বার্ষিক মূল্যায়ন নিরূপন করতঃ হোল্ডিং নম্বর প্রদানের ক্ষেত্রে ১০ দিনের মধ্যে প্রদান করা হয়। |
| ০২ | পঞ্চ বার্ষিকী কর নির্ধারণ | ক) | প্রতি পাঁচ বছর অন্ড়র পঞ্চবার্ষিকী পৌরকর পুণঃ নির্ধারণ করা হয়। |
| | | খ) | নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক মূল্যায়নের উপর আপত্তি থাকলে ১০/- টাকা মূল্যের নির্ধারিত আপত্তি ফরমে আবেদন করা যায়। |
| | | গ) | আপত্তি শুনানি রিভিউ বোর্ডের মাধ্যমে আপত্তি দাখিলের ৩০ দিনের মধ্যে বার্ষিক মূল্যমান পুণঃ নির্ধারণ করা হয়। |
| ০৩ | হোল্ডিং এর নামজারী | ক) | খরিদ/ দান/ ওয়ারিশ সূত্রে আংশিক/ সম্পূর্ণ মালিকানা প্রাপ্ত হয়ে সংশিণ্টষ্ট হোল্ডিং এ নামজারী করতে ইচ্ছুক হলে আবেদনকারীকে হোল্ডিং এর মালিকানার রেজিষ্টার্ড দলিল, পর্চা, খাজনা রশিদ এর সত্যায়িত কপি সহ নির্ধারিত ১০- টাকা মূল্যের নামজারী ফরমে মেয়র বরাবর আবেদন করতে হয়। প্রাপ্ত আবেদনের বিষয়ে সংশিণ্টষ্ট হোল্ডিং এর পূর্ববর্তী সম্পূর্ণ/ আংশিক |

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া |
|---|---|---|---|
| | | | মালিকের আপত্তি আছে কি না তা জানতে চেয়ে নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশ প্রদানের ১৫ দিনের মধ্যে আপত্তি না এলে নামজারীর আবেদনটি কর্তৃপক্ষ কর্তৃক বিবেচনা করা হয়। উলেণ্টখ্য এ ক্ষেত্রে হোল্ডিং এর পৌরকর হালসন পর্যন্ড় পরিশোধ থাকতে হবে। নির্ধারিত ফিস আদায় করা হয়। |
| | | খ) | আলোচ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সকল তথ্য/ দলিল পত্র প্রাপ্তি সাপেক্ষে আপত্তি নোটিশ জারির ৩০ দিনের মধ্যে নামজারী সম্পদান করা হয়। |
| ০৪ | হোল্ডিং পৃথকী করণ | ক) | কোন হোল্ডিং এর পৌরকর পরিশোধের সুবিধার্থে সংশিণ্টষ্ট হোল্ডিং এর মালিকগণের আবেদনের প্রেক্ষিতে হোল্ডিং পৃথক করা হয়ে থাকে। হোল্ডিং মালিকের দাখিলকৃত মালিকানা সংক্রান্ড় কাগজপত্র সরেজমিনে তদন্ড় এবং প্রয়োজনীয় শুনানী গ্রহণের মাধ্যমে সংশিণ্টষ্ট হোল্ডিং মালিকগণের নামে পৃথক করা হয়। উলেণ্টখ্য এ ক্ষেত্রে সংশিণ্টষ্ট হোল্ডিং এর পৌরকর হালসন পর্যন্ড় পরিশোধ থাকতে হবে। |
| | | খ) | হোল্ডিং পৃথক করতে হলে প্রস্ড়াব অনুসারে ভূমি অফিস কর্তৃক আবেদনকারীগণের নামে আলাদা আলাদা নামজারীর স্বপক্ষে পর্চা, খাজনার রশিদ, হোল্ডিং এর মালিকগণের মধ্যে আপোষ বন্টননামা। নির্ধারিত ফিস আদায় করা হয়। |
| | | গ) | প্রয়োজনীয় সকল তথ্য/ দলিল পত্র প্রাপ্তি সাপেক্ষে ১০ দিনের মধ্যে হোল্ডিং পৃথকীকরণ বিষয়ে সিদ্ধান্ড় প্রদান করা হয়। |

বিঃ দ্রঃ পৌরসভা আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, প্রজ্ঞাপন, পরিপত্র, আদেশ, অফিস স্মারক, বিজ্ঞপ্তি ও নোটিশ সাপেক্ষে এই সিটিজেন চার্টার-এর প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করবার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

## কর আদায় শাখা ঃ

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া |
|---|---|---|---|
| ০১ | হোল্ডিং কর পরিশোধ ও বকেয়া কর আদায় | ক) | ছাগলনাইয়া পৌরসভা কার্যালয়ে এসে হোল্ডিং - মালিক কর আদায় শাখায় আদায়কারীর নিকট রশিদের মাধ্যমে পৌরকর পরিশোধ করতে পারবে। |
| | | খ) | হাল সনের পৌরকর যথা সময়ে পরিশোধ করা না হলে নির্ধারিত আর্থিক বছর পরে হাল সনের বকেয়ার উপর ৫% সারচার্জ আরোপিত হয়। এরূপ বকেয়া কর পরিশোধ না করা পর্যন্ড় বকেয়ার উপর ৫% হার সারচার্জ আরোপ হতে থাকে। |

বিঃ দ্রঃ পৌরসভা আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, প্রজ্ঞাপন, পরিপত্র, আদেশ, অফিস স্মারক, বিজ্ঞপ্তি ও নোটিশ সাপেক্ষে এই সিটিজেন চার্টার-এর প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করবার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

## লাইসেন্স শাখা ঃ

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া | | |
|---|---|---|---|---|---|
| ০১ | ট্রেড লাইসেন্সস ইস্যু ও নবায়ন | ক) | ছাগলনাইয়া পৌরসভা এলাকায় পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা বৃত্তির উপর আদর্শ কর তফসিল ২০০৩ অনুযায়ী নির্ধারিত হারে ফি আদায় পূর্বক ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়। ট্রেড লাইসেন্সের জন্য ৫০/- টাকা মূল্যের নির্ধারিত ফরমে ব্যবসার ধরণ, স্থায়ী/বর্তমান ঠিকানা ইত্যাদি উলেণ্টখ পূর্বক ভাড়ার চুক্তিপত্র ভাড়া রশিদ সহ মেয়র বরাবর আবেদন করতে হয়। | | |
| | | খ) | প্রয়োজনীয় সকল তথ্য/ কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে দাখিলকৃত আবেদন ৩ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করে লাইসেন্স প্রদান করা হয়। | | |
| | | গ) | পরবর্তীতে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স বৎসর ভিত্তিক নির্ধারিত নবায়ন ফি জমা প্রদানের মাধ্যমে নবায়ন করা যাবে। এক্ষেত্রে ১ কার্যদিবসের মধ্যে নবায়ন করা হয়। | | |
| | | ঘ) | নির্ধারিত ফিস | | |
| ০২ | রিক্সা মালিক লাইসেন্স | | নির্ধারিত ফি এর মাধ্যমে বৎসর ভিত্তিক রিক্সা মালিক লাইসেন্স নবায়ন ও নতুন প্রদান করা হয়। সরকারী গেজেট মোতাবেক। | | |
| ০৩ | রিক্সা চালক লাইসেন্স | | নির্ধারিত ফি এর মাধ্যমে বৎসর ভিত্তিক রিক্সা চালক লাইসেন্স নবায়ন ও নতুন প্রদান করা হয়। সরকারী গেজেট মোতাবেক। | | |
| ০৪ | রিক্সা ভ্যান মালিক লাইসেন্স | | নির্ধারিত ফি এর মাধ্যমে বৎসর ভিত্তিক রিক্সা ভ্যান মালিক লাইসেন্স নবায়ন ও নতুন প্রদান করা হয়। সরকারী গেজেট মোতাবেক। | | |
| ০৫ | রিক্সা ভ্যান চালক লাইসেন্স | | নির্ধারিত ফি এর মাধ্যমে বৎসর ভিত্তিক রিক্সা ভ্যান চালক লাইসেন্স নবায়ন ও নতুন প্রদান করা হয়। সরকারী গেজেট মোতাবেক। | | |
| ০৬ | ঠিকাদারী লাইসেন্স তালিকাভূক্তি ঃ | | **লাইসেন্স এর শ্রেনী** | **নতুন লাইসেন্স** | **নবায়ন ফি** |
| | | | “ক” শ্রেনী | ৫০০০/- | ২০০০/- |

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া | | |
|---|---|---|---|---|---|
| | (নবায়ন, শ্রেনী উন্নয়ন ও রেজিস্ট্রেশন বই) | | “খ” শ্রেনী | ৫০০০/- | ১৫০০/- |
| | | | “গ” শ্রেনী | ৫০০০/- | ১০০০/- |
| | | | আবেদন ফরম | ১০০/- | |
| | | | ঠিকাদারী রেজিস্ট্রেশন বই (বণ্ঢু বুক) | ১০০/- | |
| | | | পরিমাপ বই | ১০০/- | |
| | | | তাছাড়া ৫০% জরিমানা দিয়ে বছরের ১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর তারিখ পর্যন্ড় এবং ১ জানুয়ারী থেকে ৩০ জুন পর্যন্ড় ১০০% জরিমানা দিয়ে ঠিকাদারী লাইসেন্স নবায়ন করা যাইবে। | | |

বিঃ দ্রঃ পৌরসভা আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, প্রজ্ঞাপন, পরিপত্র, আদেশ, অফিস স্মারক, বিজ্ঞপ্তি ও নোটিশ সাপেক্ষে এই সিটিজেন চার্টার-এর প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করবার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

## প্রকৌশল বিভাগ ঃ

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া | | |
|---|---|---|---|---|---|
| ০১ | অভিযোগ | | রাস্ড়া ফুটপাত ও সরফেস ড্রেন পটহোলস্ ভাঙ্গা সংস্কার, রাস্ড়ার উপর মালামাল রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করা ইত্যাদি বিষয়ে আবেদন/ অভিযোগ দাখিলের পর সংশিণ্টষ্ট বিভাগ কর্তৃক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়াও সড়ক বাতি সংক্রান্ড় অভিযোগ প্রাপ্তির পর স্বল্পতম সময়ের মধ্যে যথাযথ ব্যবস্থা নেয়া হয়। | | |
| ০২ | সড়ক খনন ঃ | ক) | পানি, গ্যাস ইত্যাদি সার্ভিস সংযোগের জন্য পৌরসভার প্রকৌশল বিভাগ হতে ফরম সংগ্রহ করতে হয়। | | |
| | | খ) | ফরমটি পুরণ করে হোল্ডিং ট্যাক্সের হালনাগাদ রশিদের ফটোকপি সহ পৌর কার্যালয়ে জমা প্রদান করতে হয়। | | |
| | | গ) | আবেদন ফরম জমা প্রদানরে পরবর্তী ৭ কার্যদিবসের মধ্যে ক্ষতিপুরণের চাহিদাপত্র প্রস্তুত করা হয়। | | |
| | | ঘ) | চাহিদা পত্র অনুযায়ী সংশিণ্টষ্ট বিভাগে ক্ষতি পূরণের টাকা জমা প্রদানের পর ৩ কার্য দিবসের মধ্যে সড়ক খননের অনুমতি পত্র পৌরকার্যালয় হতে সংগ্রহ করা যায়। | | |
| | | ঙ) | **সড়ক খননের ক্ষতিপূরণের হার ঃ** | | |
| | | | ক্রম নং | বিবরণ | টাকা (প্রতি বর্গফুট হারে) |
| | | | ১ | কাঁচা রাস্ড়া | ২০/- |
| | | | ২ | ব্রিক সলিং রোড | ১০০/- |
| | | | ৩ | এইচ বি বি রোড | ১৩০/- |
| | | | ৪ | মেকাডাম সীলকোট রোড | ১৪০/- |
| | | | ৫ | মেকাডাম কার্পেটিং রোড | ২০০/- |
| | | | ৬ | আর সি সি রোড | ৩০০/- |
| ০৩ | ভবন নির্মাণের ছাড়পত্র | ক) | ছাগলনাইয়া পৌরসভা এলাকায় ভবন নির্মাণের জন্য নক্সা অনুমোদনের ক্ষেত্রে সংশিণ্টষ্ট বিভাগ/শাখা হতে ২০০/- টাকা মূল্যের আবেদন ফরম ক্রয় করতে হবে। আবেদনকারী কর্তৃক আবেদনের সাথে জমির মালিকানার স্বপক্ষে যাবতীয় দলিলপত্রাদি বাড়ীর নির্মাণ নকশা সহ দাখিল করা হলে, সরজমিনে তদন্ড় করে উপস্থাপনের পর অনুমোদন দেয়া হয়। | সকল কাগজপত্র জমা প্রদানের পর ৬০ দিনের মধ্যে নকশা অনুমোদনের ছাড়পত্র প্রদান করা হয়। | |
| | | খ) | নকশা অনুমোদন ফি ঃ পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি প্রদান করতে হয়। | | |
| ০৪ | ক্ষতিগ্রস্ড় ইমারত/ ধর্মীয় উপসনালয় নির্মাণ | ক) | প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ড় কোন ইমারত পুণঃ নির্মাণের আবেদনের উপর কর আরোপ করা হবে না। | | |
| | | খ) | কোন ধর্মীয় উপাসনালয় নির্মাণ এবং পুণঃ নির্মাণের আবেদনের ক্ষেত্রে এইরূপ কর আরোপ করা হবে না। | | |
| | | | | | |

বিঃ দ্রঃ পৌরসভা আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, প্রজ্ঞাপন, পরিপত্র, আদেশ, অফিস স্মারক, বিজ্ঞপ্তি ও নোটিশ সাপেক্ষে এই সিটিজেন চার্টার-এর প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করবার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

## স্বাস্থ্য বিভাগ ঃ

## পরিচ্ছন্নতা শাখা ঃ

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া |
|---|---|---|---|
| ০১ | পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিয়ন্ত্রণ কার্যক্রম | ক) | সড়ক ফুটপাত ঝাড়ু দেয়া, মার্কেটের আশপাশ ঝাড়ু দেয়া, খোলা ড্রেন পরিষ্কার, রাত ১০:০০ থেকে সকাল ৮:০০ টার মধ্যে ডাস্টবিন হতে ময়লা আবর্জনা গার্বেজ ট্রাক ও ট্রাক্টর- এর সাহায্যে অপসারণ করা এবং জর“রী প্রয়োজনে দিনের বেলা আবর্জনা অপসারণ করা হয়। |
| | | খ) | প্রয়োজন মত শহরের ডীপ ড্রেন সমূহ পরিষ্কার করা হয়। |
| | | গ) | পরিচ্ছন্নতা সম্পৃক্ত যে কোন সমস্যা সমাধানের জন্য পৌরসভা অফিসের পরিচ্ছন্নতা শাখায় অবগত করলে স্বল্পতম সময়ের মধ্যে সেবা নিশ্চিত করা হয়। |
| | | ঘ) | পৌরএলাকায় মশক নিয়ন্ত্রণের জন্য সময় মত বিভিন্ন পুকুর ডোবার কুচুরিপানা পরিষ্কার করা হয়। |

## স্বাস্থ্য শাখা ঃ

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া | | |
|---|---|---|---|---|---|
| ০১ | টিকাদান কর্মসূচী | ক) | সরকার কর্তৃক নির্ধারিত ইডিআই (টিকাদান কর্মসূচী) কার্য সম্পন্ন করা হয়। | | |
| | | খ) | সরকার ঘোষিত জাতীয় টিকা দিবস (এনআইডি) যথাযথ পালন করা হয়। | | |
| | | গ) | জনস্বাস্থ্য ও স্যানিটেশন সংক্রান্ড় যাবতীয় কর্মসূচী সর্বোচ্চ স্বাস্থ্য সম্পর্কীয় কার্যাবলী সম্পন্ন করা হয়। | | |
| ০২ | জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ | ক) | ছাগলনাইয়া পৌরএলাকায় জন্ম গ্রহণকারী ও মৃত্যুবরণকারী জন্ম ও মৃত্যু সনদ নির্ধারিত ফরমে সংশিণ্টষ্ট ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়ন সহ আবেদন পত্র গ্রহণ সাপেক্ষে অনধিক ৩ কার্য দিবসের মধ্যে জন্ম-মৃত্যু সনদ পত্র বিরতণ করা হয়। | | |
| ০৩ | জন্ম নিবন্ধন ফি | ক) | ৩০ শে জুন, ২০১০ তারিখ পর্যন্ড় ফি - | | |
| | | | ক্রম নং | বিবরন | ফি |
| | | | ০১ | অনুর্ধ ১৮ (আঠার) বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন | শূন্য |
| | | | ০২ | অন্যুন ১৮ (আঠার) বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন | ৫০/- |
| | | | ০৩ | কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন | শূন্য |
| | | খ) | ০১ লা জুলাই ২০১০ তারিখ হতে ফি - | | |
| | | | ক্রম নং | বিবরন | ফি |
| | | | ০১ | জন্মের তারিখ হতে ০২ (দুই) বৎসরের মধ্যে কোন ব্যক্তির জন্ম নিবন্ধন | শূন্য |
| | | | ০২ | মৃত্যুর তারিখ হতে ০২ (দুই) বৎসরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন | শূন্য |
| | | | ০৩ | জন্ম বা মৃত্যুর তারিখ হতে ০২ (দুই) বৎসর পর কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রতি বৎসরের জন্য | ৫/- টাকা হারে |
| | | | ০৪ | জন্ম বা মৃত্যু সনদের মূল বাংলা বা ইংরেজী কপি সরবরাহ | শূন্য |
| | | | ০৫ | জন্ম বা মৃত্যু সনদের বাংলা বা ইংরেজী দ্বি-নকল কপি সরবরাহ | ২৫/- |
| | | | ০৬ | সরবরাহ তথ্যের ভিত্তিতে প্রদত্ত নিবন্ধন সনদে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হলে নিবন্ধন সনদ এবং ক্ষেত্রমত নিবন্ধন বহি সংশোধন | শূন্য |
| | | | ০৭ | জন্ম তারিখ সংশোধন ফি | ৩০০/- |
| | প্রিমিসেস লাইসেন্স | ক) | পৌরসভার স্বাস্থ্য বিভাগ হতে নির্ধারিত ফরমে আবেদন করলে অফিস কর্তৃক তদন্ড় পূর্বক আবেদন দাখিলে ০৭ কার্যদিবসের মধ্যে প্রিমিসেস লাইসেন্স প্রদান করা হয়। প্রিমিসেস লাইসেন্স ফি- | | |
| | | | ক্রম নং | বিবরন | ফি |
| | | | ০১ | মিষ্টি দোকান | ২০০/- |
| | | | ০২ | বেকারী | ২০০/- |
| | | | ০৩ | মাংস দোকান | ১০০/- |
| | | | ০৪ | হোটেল (বড়) | ৩০০/- |
| | | | ০৫ | হোটেল (ছোট) | ১০০/- |
| | | | ০৬ | মুদি দোকান (বড়) | ২০০/- |
| | | | ০৭ | মুদি দোকান(ছোট) | ১০০/- |
| | | | ০৮ | ফাস্ট ফুড | ২০০/- |
| | | | ০৯ | ফলের দোকান | ৫০/- |
| | | | ১০ | ভোজ্য তৈলের দোকান | ১০০/- |

| ক্রম নং | সেবা সমূহ | | নিয়ম/ প্রক্রিয়া | | |
|---|---|---|---|---|---|
| | | | ১১ | শুটকি দোকান | ১০০/- |
| | | | | | |

বিঃ দ্রঃ পৌরসভা আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, প্রজ্ঞাপন, পরিপত্র, আদেশ, অফিস স্মারক, বিজ্ঞপ্তি ও নোটিশ সাপেক্ষে এই সিটিজেন চার্টার-এর প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করবার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।